

বিজ্ঞপ্তি


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন বিভিন্ন হাওর রক্ষা বাঁধের ভাঙ্গন বন্ধকরণ/মেরামত করার নিমিত্ত পিআইসি গঠনের লক্ষ্যে নির্ধারিত ফরমে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদন কারীগণকে ফরম পূরণ করে আগামী ০৭ ডিসেম্বর ২০২৩ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পর আর কোন আবেদন গ্রহণ করা হবে না। ত্রুটিপূর্ণ/অস্পষ্ট আবেদন বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য, জাল কাগজ পত্র বা মিথ্যা তথ্য প্রদানকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। [নমুনা ফরমটি www.tahirpur.sunamganj.gov.bd এই ওয়েবসাইটে পাওয়া যাবে]

শর্তসমূহ:

সংশোধিত কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী পিআইসির সভাপতি, সদস্য সচিব ও সদস্যদের সংশ্লিষ্ট হাওরে জমির মালিকানা স্বপক্ষে প্রমাণক হিসাবে নিম্নের কাগজাদি দাখিল করতে হবে:

- (১) ইউপি চেয়ারম্যান কর্তৃক নাগরিক সনদ পত্র।
- (২) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (পিআইসি কমিটির সকল)।
- (৩) সভাপতি/সেক্রেটারীসহ সকল সদস্যগণের ০১ (এক) কপি করে পাসপোর্ট সাইজের ছবি।
- (৪) জমির খতিয়ান (পর্চা)।
- (৫) সংশ্লিষ্ট মৌজা ম্যাপের ফটোকপি।
- (৬) প্রকৃত কৃষক হিসাবে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন/কৃষি কার্ড।


সুপ্রভাত চাকমা

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

কাবিটা স্কীম প্রণয়ন ও বাস্তবায়ন উপজেলা
কমিটি

তাহিরপুর সুনামগঞ্জ।

unotahirpur@gmail.com

উপ-সহকারী প্রকৌশলী

পানি উন্নয়ন বোর্ড, তাহিরপুর, সুনামগঞ্জ। তাঁকে পিআইসিগণের আবেদন করার বিষয়টি নিশ্চিত করার জন্য মাইক যোগে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি: সদয় অবগতি জন্য

- ১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কাবিটা কমিটি, সুনামগঞ্জ।
- ২। নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ পওর বিভাগ-১, বাপাউবো, সুনামগঞ্জ ও সদস্য-সচিব, জেলা কাবিটা কমিটি।
- ৩। নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ পওর বিভাগ-২, বাপাউবো, সুনামগঞ্জ।
- ৪। ইউনিয়ন পরিষদ (সকল ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রকাশ করতে হবে)।
- ৫। নোটিশ বোর্ড/অফিস কপি।